



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd


স্মারক নং- বিঅ-৬/৬৩৭৬/৪২৫

তারিখ : ০২-১২-২০২১

বিষয় : ম্যানেজিং কমিটি গঠনের বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর এর ২৯-১১-২০২১ খ্রি. তারিখের ০৫.৪৪.৪১৩৮.০০০.১১.০১৮.২০২১-১৮০৭ নং স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন বুড়িহাটা বহুমুখী মাধ্যমিক বিদ্যালয় এর এডহক কমিটি বিগত ০৮-০৮-২০২১ খ্রি. তারিখে বিঅ-৬/৬৩৭৬/৮৭৫ নং স্মারকে মাননীয় সংসদ সদস্য যশোর-৬ জনাব মো: শাহীন চাকলাদার এর সুপারিশের প্রেক্ষিতে বীর মুক্তিযোদ্ধা জনাব মো: মোসলেম উদ্দীন, পিতা: মো: মহাতাব উদ্দিন-কে সভাপতি করে পত্র দেয়া হয়। মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন নং ৯২১৬/২০২১ মামলায় বিগত ০৮-০৮-২০২১ খ্রি. তারিখে বিঅ-৬/৬৩৭৬/৮৭৫ নং স্মারকপত্রে অনুমোদিত এডহক কমিটি ২৬-১০-২০২১ খ্রি. তারিখে ০৩(তিন) মাসের জন্য স্থগিত করায় এ বোর্ড হতে ০৪-১১-২০২১ খ্রি. তারিখে বিঅ-৬/৬৩৭৬/৪১১ নং স্মারকপত্রে উক্ত কমিটি ২৬-১০-২০২১ খ্রি. তারিখ হতে ০৩ (তিন) মাসের জন্য স্থগিত করা হয় এবং আগামী ০৩ (তিন) মাসের জন্য শিক্ষক কর্মচারীদের বেতন ভাতা বিলে প্রতিস্বাক্ষরের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর-কে অনুরোধ করে পত্র দেয়া হয়। মহামান্য সুপ্রীমকোর্ট এর আপিল বিভাগ সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ২৩৯২/২০২১ মামলায় মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন নং ৯২১৬/২০২১ মামলার ২৬-১০-২০২১ খ্রি. তারিখের আদেশ ০৮ (আট) সপ্তাহের জন্য স্থগিত করায় এ বোর্ড হতে ০৪-১১-২০২১ খ্রি. তারিখে বিঅ-৬/৬৩৭৬/৪১১ নং স্মারকপত্রে প্রেরিত পত্রটি ০৮ (আট) সপ্তাহের জন্য স্থগিত করা হয়। সুতরাং প্রবিধান-২০০৯ এর ৩৯ ধারা অনুযায়ী এডহক কমিটি নিয়োগ ব্যতীত সকল কার্যক্রম পরিচালনা করতে পারবে। তবে মহামান্য সুপ্রীমকোর্ট এর হাইকোর্ট/আপিল বিভাগ হতে পরবর্তী কোন নির্দেশনা আসলে তাৎক্ষণিক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

  
02.12.2021


(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪

উপজেলা নির্বাহী অফিসার  
কেশবপুর, যশোর।


  
02/12/21

স্মারক নং- বিঅ-৬/৬৩৭৬/৪২৫

তারিখ : ০২-১২-২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :


- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, জেলা: যশোর।
- ৪। সভাপতি, এডহক কমিটি, বুড়িহাটা বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়, কেশবপুর, যশোর।
- ৪। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), বুড়িহাটা বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়, কেশবপুর, যশোর।
- ৬। সংরক্ষণ নথি।

  
02.12.2021

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

  
02/12/21